# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

## গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/নিয়োগ-২৩৭/০৩/(খন্ড-২)/১২৪১ তারিখ ঃ ০৫/০৬/২০১৪ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদগুলি ৪নং কলামে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী সম্পূর্ণরূপে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্তে নিম্নোক্ত শর্তাধীনে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা হইতেছে।

| ক্রমিক নং | পদ, বিভাগ ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১। | **লাইব্রেরীয়ান**<br>**কেন্দ্রীয় লাইব্রেরি**<br>বেতন স্কেল<br>৳ ২৯,০০০ -- ৩৫,৬০০/-<br>(গ্রেড-৩) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সায়েন্সে পি এইচ ডি ডিগ্রী থাকিতে হইবে এবং কোন বিশ্ববিদ্যালয় বা সমমানের প্রতিষ্ঠানের লাইব্রেরীতে ১ম শ্রেণীর কর্মকর্তা হিসাবে কমপক্ষে ১২(বার) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে, যাহার মধ্যে ডেপুটি লাইব্রেরীয়ান/সমমান (গ্রেড-৫) বা তদুর্ধ পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>**অথবা**<br>প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সায়েন্সে মাস্টার্স (বা এইচ এস সি এর পর ৪ বছর মেয়াদী স্নাতক) ডিগ্রীসহ কোন বিশ্ববিদ্যালয় বা সমমানের প্রতিষ্ঠানের লাইব্রেরীতে ১ম শ্রেণীর কর্মকর্তা হিসাবে কমপক্ষে ১৫(পনের) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে, যাহার মধ্যে ডেপুটি লাইব্রেরীয়ান/সমমান (গ্রেড-৫) বা তদুর্ধ পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>উভয় ক্ষেত্রে প্রার্থীকে কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড অথবা গবেষণামূলক সংস্থা বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের লাইব্রেরীর কাজে অভিজ্ঞতাসম্পন্ন হইলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০২। | **সহযোগী অধ্যাপক**<br>**তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ**<br>বেতন স্কেল<br>৳ ২৫,৭৫০ -- ৩৩,৭৫০/-<br>(গ্রেড-৪) | ০১ (এক) টি | (a) The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent and an M.Sc. Engg./M. Engg. or an equivalent degree in relevant branch from a recognized University/Institution plus 12 years of professional experience of which 6 years in active teaching in the post of Assistant Professor and/or above;<br>**Or**<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent in relevant branch of engineering and a Ph.D. or equivalent degree in relevant discipline from a recognized University/Institution plus 7 years of professional experience of which 3 years in active teaching in the post of Assistant Professor and /or above;<br>(b) All candidates must have at least 2 numbers of publications. |
| ০৩। | **সহকারী অধ্যাপক**<br>**(ক) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ**<br>**(খ) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ**<br>বেতন স্কেল<br>৳ ১৮,৫০০--২৯,৭০০/-<br>(গ্রেড- ৬) | ০২(দুই) টি<br>০১(এক) টি | The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent in relevant branch of engineering from a recognized University/Institution plus 4 years of professional experience;<br>**Or**<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent in relevant branch of engineering from a recognized University/Institution plus 3 years of professional experience of which 1 year in active teaching;<br>**Or**<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent and an M.Sc. Engg./M.Engg. or an equivalent degree in relevant branch of engineering from a recognized University/Institution plus 3 years of professional experience;<br>**Or**<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent and an M.Sc. Engg./M.Engg. or an equivalent degree in relevant branch of engineering from a recognized University/Institution plus 2 years of professional experience of which 1 year in active teaching;<br>**Or**<br>The candidate must possess a First Class B.Sc. Engg. degree or equivalent in relevant branch of Engineering and a Ph.D or equivalent degree in the relevant discipline from a recognized University/Institution. |
| | **সহকারী অধ্যাপক**<br>**(গ) রসায়ন বিভাগ**<br>**(সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)**<br>৳ ১৮,৫০০--২৯,৭০০/-<br>(গ্রেড- ৬) | ০১(এক) টি | The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B/Sc. (Hon's) and M.Sc. or equivalent degree in relevant branch from a recognized University/Institution plus 4 years of professional experience;<br>**Or**<br>The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.Sc. (Hon's) and M.Sc. or equivalent degrees in relevant branch from a recognized University/Institution and 3 years of professional experience of which 1 year in active teaching;<br>**Or**<br>The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.Sc. (Hon's) and M.Sc. or equivalent degrees in relevant branch and an M. Phil obtained from a recognized University/Institution plus 3 years of professional experience;<br>**Or**<br>The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.Sc. (Hon's) and M.Sc. or equivalent degrees in relevant branch and an M. Phil or an equivalent degrees from a recognized University/Institution plus 2 years of professional experience of of which 1 year in active teaching;<br>**Or**<br>The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.Sc. (Hon's) and M.Sc. or equivalent degrees in relevant branch from a recognized University/Institution and a Ph.D or an equivalent degree in relevant discipline from a recognized University/Institution. |
| | **সহকারী অধ্যাপক**<br>**(ঘ) মানবিক ও সামাজিক বিজ্ঞান বিভাগ**<br>**(সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)**<br>৳ ১৮,৫০০--২৯,৭০০/- (গ্রেড- ৬) | ০১ (এক) টি | The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.A (Hon's) and M.A or equivalent degree in relevant branch from a recognized University/Institution plus 4 years of professional experience;<br>Or<br>The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.A (Hon's) and M.A or equivalent degrees in relevant branch from a recognized University/Institution and 3 years of professional experience of which 1 year in active teaching;<br>**Or**<br>The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.A (Hon's) and M.A or equivalent degrees in relevant branch and a Ph.D. degrees in relevant discipline from a recognized University/Institution;<br>**Or**<br>The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.A (Hon's) and M.A or equivalent degrees in relevant branch and an M. Phil or an equivalent degree from a recognized University/Institution plus 3 years of professional experience;<br>**Or**<br>The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.A (Hon's) and M.A or equivalent degrees in relevant branch and an M. Phil or an equivalent degree from a recognized University/Institution plus 2 years of professional experience of which 1 year in active teaching; |
| ০৪। | সিনিয়র মেডিকেল অফিসার<br>মেডিকেল সেন্টার<br>বেতন স্কেল<br>৳ ১৮,৫০০--২৯,৭০০/- (গ্রেড- ৬) | ০১ (এক) টি | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম বি বি এস ডিগ্রী থাকিতে হইবে এবং বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল (BMDC) এর সদস্য হইতে হইবে। সেই সংগে মেডিকেল অফিসার হিসাবে ৫(পাঁচ) বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকিতে হইবে। যাহার মধ্যে সরকারী/আধা সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৫। | প্রভাষক<br>**ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ**<br>বেতন স্কেল<br>৳ ১১,০০০--২০,৩৭০/- (গ্রেড- ৯) | ০১ (এক) টি | The candidate must possess a First Class B.Sc. Engg. Degree or equivalent in relevant branch of engineering from a recognized University/Institution. |
| ০৬। | প্রভাষক<br>(সহযোগী অধ্যাপক পদের বিপরীতে ১টি ও সহকারী অধ্যাপক পদের বিপরীতে ১টি)<br>আর্কিটেকচার বিভাগ<br>বেতন স্কেল<br>৳ ১১,০০০--২০,৩৭০/- (গ্রেড- ৯) | ০২ (দুই) টি | The candidate must possess a First Class B.Arch Degree or equivalent from a recognized University/Institution. |
| ০৭। | প্রভাষক<br>গণিত বিভাগ<br>বেতন স্কেল<br>৳ ১১,০০০--২০,৩৭০/- (গ্রেড- ৯) | ০১ (এক) টি | The candidate must possess a Masters or an equivalent degree with First Class both in B.Sc. (Hon's) and M.Sc. or equivalent degrees in relevant branch from a recognized University/Institution. |
| ০৮। | **সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার**<br>**টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ**<br>বেতন স্কেল<br>৳ ১১,০০০--২০,৩৭০/- (গ্রেড- ৯) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/ মেকানিক্যাল/টেক্সটাইল-এ বি এস সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী (অথবা ফলিত, পদার্থ ও ইলেকট্রনিক বিষয়ে মাষ্টার্স বা এইচ এসসি এর পর চার বৎসর মেয়াদি স্নাতক) ইহার সমমানের ডিগ্রী থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বোর্ড হইতে উপরে বর্ণিত বিষয় সমূহে ডিপ্লোমা সহ সংশ্লিষ্ট কাজে কর্মকর্তা হিসাবে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>উভয় ক্ষেত্রে যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৯। | ড্রাফটসম্যান<br>আর্কিটেকচার বিভাগ<br>বেতন স্কেল<br>৳ ৮,০০০--১৬,৫৪০/- (গ্রেড- ১০) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে সিভিল/আর্কিটেকচার বা সমতুল্য টেকনোলজিতে ডিপ্লোমাধারী হইতে হইবে। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে Auto CAD এর উপর কমপক্ষে ৬(ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০। | **উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)**<br>**প্রকৌশল অফিস**<br>বেতন স্কেল<br>৳ ৮,০০০--১৬,৫৪০/- (গ্রেড- ১০) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে সিভিল/ইলেকট্রিক্যাল টেকনোলজিতে ডিপ্লোমাধারী হইতে হইবে। |
| ১১। | টেকনিশিয়ান<br>**যন্ত্রকৌশল বিভাগ**<br>বেতন স্কেল<br>৳ ৪,৯০০--১০,৪৫০/- (গ্রেড-১৫) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে এইচ এস সি (ভোকেশনাল) পাস অথবা এস এস সি (বিজ্ঞান) পাস সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২। | **নেটওয়ার্ক টেকনিশিয়ান**<br>**কম্পিউটার সেন্টার**<br>বেতন স্কেল<br>৳ ৪,৯০০--১০,৪৫০/- (গ্রেড-১৫) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট বিষয়ে এইচ এস সি (ভোকেশনাল) পাস হইতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে এইচ এস সি বা সমমানের পরীক্ষায় পাসসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত বোর্ড হইতে এস এস সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাসসহ সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট থাকিতে হইবে। |
| ১৩। | **ড্রাইভার**<br>**যানবাহন শাখা**<br>বেতন স্কেল<br>৳ ৪,৯০০--১০,৪৫০/- (গ্রেড-১৫) | ০১ (এক) টি | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমতুল্য জিপিএ সহ এসএসসি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাসসহ হেভী মটর ড্রাইভিং বৈধ লাইসেন্সসহ ৩(তিন) বৎসর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে অবশ্যই ন্যূনতম অষ্টম শ্রেণী পাসসহ হেভী মটর ড্রাইভিং বৈধ লাইসেন্সধারী হইতে হইবে এবং ৫(পাঁচ) বৎসর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>খ) প্রার্থীকে ৬/৬ দৃষ্টি শক্তিসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।<br>গ) যানবাহন রক্ষণাবেক্ষণ ও লগবই লেখার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৪। | **অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর**<br>**ডাইরেক্টরেট অব কনসালটেন্সি রিসার্চ এন্ড টেস্টিং সার্ভিস (সিআরটিএস)/পদার্থবিজ্ঞান বিভাগ/পরীক্ষা নিয়ন্ত্রক অফিস/ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সেক্রেটারিয়েট (প্রতিটিতে ১টি করিয়া)**<br>বেতন স্কেল<br>৳ ৪,৭০০--৯,৭৪৫/- (গ্রেড-১৬) | ০৪ (চার) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ এস সি পাসসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫ (পঁচিশ) ও ৪৫ (পয়তাল্লিশ) শব্দ টাইপ করার ক্ষমতা থাকিতে হইবে। দাপ্তরিক কাজ সহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।<br>কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সেক্রেটারিয়াল সায়েন্সে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৫। | **ইলেকট্রিশিয়ান**<br>**প্রকৌশল অফিস**<br>বেতন স্কেল<br>৳ ৪,৭০০--৯,৭৪৫/- (গ্রেড-১৬) | ০১ (এক) টি | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ সহ কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ এস সি (ভোকেশনাল) পরীক্ষায় পাস হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএসহ এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাস হইতে হইবে। সরকারী/সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেটধারী হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএসহ এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাসসহ সরকারী কোন প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬(ছয়) মাসের সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাস হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ২(দুই) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৬। | **ল্যাব এডেনডেন্ট**<br>**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/গণিত বিভাগ/আর্কিটেকচার বিভাগ (প্রতিটিতে ১টি করিয়া)**<br>বেতন স্কেল<br>৳ ৪,২৫০--৮,১৪০/- (গ্রেড-১৯) | ০৩ (তিন) টি | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ সহ এস এস সি পাস এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা সমতুল্য জিপিএ সহ এস এস সি পাস এবং সরকারী কোন প্রতিষ্ঠান বা স্বীকৃত শিক্ষাবোর্ডের অধীন সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৬(ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্স পাস হইতে হইবে। |
| ১৭। | **এমএলএসএস**<br>৳ ৪,১০০--৭,৭৪০/- (গ্রেড-২০)<br>Center for Climate Change & Sustainability Research | ০১ (এক) টি | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাস হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |

**শর্তাবলী ঃ**

১। আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা ওয়েবসাইট http://www.duet.ac.bd হইতে জীবন-বৃত্তান্তের ফরমেট সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্র বা জন্ম নিবন্ধন পত্র, পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ পত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

২। প্রার্থী সম্পর্কে পরিচয়দানে সক্ষম আত্মীয় নয় এমন দুই জন বিশিষ্ট ব্যক্তির নাম ও ঠিকানা উল্লেখ করিতে হইবে (টেলিফোন/মোবাইল নম্বরসহ), যাঁহাদের নিকট হইতে প্রার্থীর যোগ্যতা, অভিজ্ঞতা ও উপযুক্ততা সম্পর্কে প্রয়োজনীয় তথ্য গ্রহণ করা যাইতে পারে।

৩। ক্রমিক নং- ২ এ বর্ণিত পদের জন্য ১০ (দশ) সেট, ১ ও ৩ হইতে ১০ পর্যন্ত বর্ণিত পদের জন্য ৭ (সাত) সেট এবং ১১ হইতে ১৭ এ বর্ণিত পদের জন্য ৫ সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র এবং চাকরিরত হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৫। ক্রমিক নং- ৩ এর ক হইতে ঘ পর্যন্ত পদের জন্য আবেদন পত্র **১৯/০৬/২০১৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪-০০ ঘটিকার মধ্যে** এবং ক্রমিক নং- ১ , ২ ও ৪ হইতে ১৭ পর্যন্ত পদের জন্য আবেদন পত্র **১৫/০৭/২০১৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার বিকাল ৪-০০ ঘটিকার** মধ্যে **"রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর"** এর বরাবরে পৌঁছাইতে হইবে।

৬। আবেদনপত্রের সাথে **"ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর"** শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর এর অনুকূলে ক্রমিক নং- ১ হইতে ৮ নং পদের জন্য ৩৫০/-, ৯ ও ১০ নং পদের জন্য ২৫০/-, ১১ হইতে ১৫ নং পদের জন্য ২০০/-, ১৬ ও ১৭ নং পদের জন্য ১০০/- টাকার পে-অর্ডার/ডিডি দাখিল করিতে হইবে।

৭। চাকরিরত প্রার্থীদের আবেদন পত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

৮। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) বা ইহার সমতুল্য জিপিএ শিথিল করা যাইতে পারে।

৯। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) বা ইহার সমতুল্য জিপিএ বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী শিথিল করা যাইতে পারে।

১০। কোন পদের প্রার্থীর সংখ্যা বেশী হইলে প্রয়োজনে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হইতে পারে।

১১। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে ।

১২। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্র মারফত জানানো হইবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৩। সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে সকল সনদ ও সংশ্লিষ্ট পত্রাদির মূল কপিসহ উপস্থিত থাকিতে হইবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারনে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করিতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করিতে বাধ্য থাকিবেন না। দরখাস্তের সংঙ্গে দাখিলকৃত কোন কাগজপত্র/পে-অর্ডার/ডিডি ফেরত প্রদান করা হইবে না।

১৫। ক্রমিক নং- ২, ৩ ও ৫ হইতে ৭ এ বর্ণিত শিক্ষক পদের জন্য প্রার্থীদের দেশীয় প্রাইভেট/বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় প্রদত্ত ডিগ্রীর অনুরূপ ডিগ্রী হিসেবে নিজ উদ্যোগে অত্র বিশ্ববিদ্যালয় হইতে ইকুইভ্যালেন্স করিতে হইবে।

১৬। অভিজ্ঞতা বলিতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাইবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হইবে না।

১৭। সরকারি বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদানের ব্যবস্থা থাকিবে।

১৮। ক্রমিক নং- ১১ হইতে ১৭ এ বর্ণিত পদের জন্য প্রার্থীদের বয়সসীমা ন্যূনতম ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

১৯। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে 'অঙ্গীকারনামা' প্রদান করিতে হইবে।

05-06-14

(অধ্যাপক ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

GD-2463

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
# Bangladesh Power Development Board

ব্যবস্থাপকের দপ্তর
বাঘাবাড়ি বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, সিরাজগঞ্জ
ফোন/ফ্যাক্সঃ ০৭৫১-৬৩৮৫৮

"বিদ্যুৎ সাশ্রয়ী বাতি ব্যবহার করুন"

## দরপত্র বিজ্ঞপ্তি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

| | | |
|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। |
| ০২. | সংস্থা | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। |
| ০৩. | দরপত্র আহ্বানকারী দপ্তরের নাম | ব্যবস্থাপকের দপ্তর, বাঘাবাড়ি বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, বাঘাবাড়ি, সিরাজগঞ্জ। |
| ০৪. | কাজের নাম | বাঘাবাড়ি বিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রাইভেট সিকিউরিটি গার্ড সরবরাহ। |
| ০৫. | দরপত্রের সূত্র নং | বাঘাবিকে/আঃ-২.১৮/২০১৪/১৫৭১, তারিখঃ ০৫/০৬/২০১৪ইং। |
| ০৬. | কাজের পদ্ধতি | খোলা দরপত্র আহ্বান। |
| ০৭. | বাজেট এবং ফান্ডের উৎস | বিউবো এর স্থানীয় রাজস্ব বাজেট। |
| ০৮. | দরপত্র প্যাকেজের নাম | বাঘাবাড়ি বিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রাইভেট সিকিউরিটি গার্ড সরবরাহ। |
| | | **তারিখ** |
| ০৯. | দরপত্র আহ্বানের তারিখ | ০৫/০৬/২০১৪ইং। |
| ১০. | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ২৩/০৬/২০১৪ইং তারিখ দপ্তর চলাকালীন সময় পর্যন্ত। |
| | | **তারিখ** / **সময়** |
| ১১. | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ২৪/০৬/২০১৪ইং / ১২.০০ ঘটিকা পর্যন্ত |
| ১২. | দরপত্র খোলার তারিখ ও সময় | ২৪/০৬/২০১৪ইং / ১২.৩০ ঘটিকা পর্যন্ত |
| ১৩. | দপ্তরের নাম ও ঠিকানা | Address: |
| | -দরপত্র প্রাপ্তি স্থান (মূল) | সোনালী ব্যাংক, বাঘাবাড়ি ঘাট শাখা, সিরাজগঞ্জ। নিম্নস্বাক্ষরকারীর অনুমোদনক্রমে। |
| | -দরপত্র প্রাপ্তি স্থান (অন্যান্য) | প্রধান প্রকৌশলী (উৎপাদন), বিউবো, ঢাকা। |
| | -দরপত্র দাখিলের স্থান | নির্বাহী প্রকৌশলী, জেনারেল ম্যানেজমেন্ট, প্লানিং এবং ডিজাইন বিভাগ। বাঘাবাড়ি বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, বাঘাবাড়ি, সিরাজগঞ্জ। |
| | -দরপত্র খোলার স্থান | নির্বাহী প্রকৌশলী, জেনারেল ম্যানেজমেন্ট, প্লানিং এবং ডিজাইন বিভাগ, বাঘাবাড়ি বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, বাঘাবাড়ি, সিরাজগঞ্জ এর দপ্তরে দরদাতা বা তাহাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স ও দাখিলকৃত দরপত্র (সীলগালা অবস্থায় সংগ্রহের পর) খোলা হইবে। |

**দরপত্র সম্পর্কে তথ্যাবলী**

| | | |
|---|---|---|
| ১৪. | দরপত্র প্রদানকারীর যোগ্যতা | ক) সরকার অনুমোদিত প্রকৃত সিকিউরিটি গার্ড সরবরাহকারী প্রতিষ্ঠান।<br>খ) দরপত্র প্রদানকারী প্রতিষ্ঠানের ভ্যাট এবং আয়কর সনদ এবং ট্রেড লাইসেন্স হালনাগাদ থাকিতে হইবে। |
| ১৫. | সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিবরণ | বাঘাবাড়ি বিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রাইভেট সিকিউরিটি গার্ড সরবরাহ। |
| ১৬. | দরপত্রের মূল্য | টাঃ ১,০০০/- (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য)। |

১৭.

| কাজের সংখ্যা | কাজের বিবরণ | কাজের অবস্থান | জামানতের পরিমাণ | কার্য সমাপ্তির সময়সীম